দৈনিক বাংলা

তারিখ ... 11 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

32

## বিসিএস (বিশেষ) পরীক্ষা

দেশের সরকারী কলেজসমূহে শিক্ষকের ঘাটতি পূরণের জন্য মাঝে মাঝে বিসিএস সাধারণ পরীক্ষা ছাড়াও বিশেষ পরীক্ষা বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত হয়ে আসছে। সম্প্রতি ১৬শ বিসিএস (বিশেষ) পরীক্ষা ১৯৯৪-৯৫ অনুষ্ঠিত হচ্ছে। সরকারী কলেজ শিক্ষকদের ন্যূনতম যোগ্যতা মাস্টার্স (স্নাতকোত্তর) যাদের বিসিএস (বিশেষ) পরীক্ষার মাধ্যমে প্রভাষক পদের জন্য মনোনীত ও চাকরি প্রদান করা হয়ে থাকে। কলেজে পঠিতব্য বিভিন্ন বিষয়ের মাস্টার্সরা এই বিশেষ বিসিএস পরীক্ষায় অংশ গ্রহণ করে থাকেন। কিন্তু কয়েকটি বিষয় সরকারী কলেজসমূহে পড়ান হয় না যার মধ্যে একটি বিষয় হলো লোক প্রশাসন। তাই এই লোক প্রশাসন বিষয়ের মাস্টার্সপ্রাপ্তরা বিসিএস (বিশেষ) পরীক্ষায় অংশ গ্রহণ করার সুযোগ পায় না। কলেজসমূহে পঠিতব্য অন্যতম বিষয় রাষ্ট্রবিজ্ঞান। লোক প্রশাসন বিষয়ের উপর যারা মাস্টার্সপ্রাপ্ত তারা অনায়াসে রাষ্ট্রবিজ্ঞান পড়াতে সক্ষম, কারণ উভয় বিষয়ের মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে রাষ্ট্র ও সরকার সম্পর্কিত বিবিধ উপাদান। তাই বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃপক্ষের কাছে আমাদের বিশেষ আবেদন, বিষয়টি সহৃদয়তার সঙ্গে বিবেচনা করে আমরা যারা লোক প্রশাসনে মাস্টার্স তাদের আগামী (বিশেষ) বিসিএস পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হোক।

মোঃ মাসুমুল হক
দক্ষিণ গোড়ান
ঢাকা-১২১৯।

OF —— SHEETS